

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
আইন শাখা-১  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.৩৮৩.২২.৫৫৭

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৯

১৪ ডিসেম্বর ২০২২

বিষয়: রিট পিটিশন নং-১৪৯১৪/২০১৭ মামলার গত ০৯/০৩/২০২২খ্রি. তারিখের রায়ের আলোকে “ডা: মো: আমিনুর রহমান টেকনিক্যাল এন্ড বি.এম কলেজ” নামকরণ বহাল রাখাসহ প্রভাষক (হিসাববিজ্ঞান) জনাব ছানোয়ার হোসেন-এর নাম এমপিওভুক্তকরণ সংক্রান্ত।

- সূত্র: (১) বাকাশিবো’র স্মারক নং- ৫৭.১৭.০০০০.৪০২.১৬.৭৯৬৭.১৭, তারিখ: ১৮/১০/২০১৭খ্রি  
(২) ডিটিই’র স্মারক নং- কাশিঅ/এমপিও সভা/২০১৩/১৩৫, তারিখ: ২৯/০২/২০১৬খ্রি.  
(৩) বাকাশিবো’র স্মারক নং- ৫৭.১৭.০০০০.৪০২.১৫.০৯৯.২২.১৭২২/৬৫২৪, তারিখ: ১০/১১/২০২২খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার ধামরাই উপজেলাধীন “ডা: মো: আমিনুর রহমান টেকনিক্যাল এন্ড বিএম কলেজ” নামের পরিবর্তে পূর্বনাম “রঘুনাথপুর টেকনিক্যাল এন্ড বিএম কলেজ” রঘুনাথপুর, ধামরাই, ঢাকা বলবৎ করা হল মর্মে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে গত ১৮/১০/২০১৭খ্রি. তারিখে সূত্রের (১) নম্বর স্মারকমূলে পত্র জারী করা হয়। উক্ত স্মারকের বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে বর্ণিত প্রতিষ্ঠানের গভর্নিং বডির প্রতিষ্ঠাতা সদস্য ডা: মো: আমিনুর রহমান কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৪৯১৪/২০১৭ মামলা দায়ের করা হয়।

২। রিট পিটিশন নং-১৪৯১৪/২০১৭ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ০৯/০৩/২০২২খ্রি. তারিখে প্রদত্ত রায় / আদেশের শেষাংশ নিম্নরূপ-  
“The impugned Memo No. 57.17.0000.402.16.7967.17, dated 18.10.2017 (Annexure-J) issued under the signature of the respondent No. 5 changing the present name of the institute namely Dr. Md. Aminur Rahman Technical and B.M College, Dhamri, Dhaka and restored its former name Raghunathpur Technical and B.M College is declared to have been passed without lawful authority and to be of no legal effect.”

৩। উক্ত রায়ের আলোকে বর্ণিত প্রতিষ্ঠানের নাম “রঘুনাথপুর টেকনিক্যাল এন্ড বিএম কলেজ” এর পরিবর্তে “ডা: মো: আমিনুর রহমান টেকনিক্যাল এন্ড বিএম কলেজ” নামকরণ বহাল করে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত উক্ত প্রতিষ্ঠানের প্রভাষক (হিসাব বিজ্ঞান) জনাব ছানোয়ার হোসেন এর এমপিও প্রদানের পদক্ষেপ গ্রহণের জন্য সচিব, টিএমইডি বরাবর আবেদন দাখিল করা হয়েছে। উল্লেখ্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রতিষ্ঠানের নামের জি.ও এবং বাকাশিবো কর্তৃক বিষয় খোলার পত্রে প্রতিষ্ঠানের নামের গড়মিলের কারণে ডিটিই কর্তৃক প্রভাষক (হিসাব বিজ্ঞান) জনাব ছানোয়ার হোসেন এর এমপিও প্রদান করা হয়নি মর্মে গত ২৯/০২/২০১৬খ্রি. তারিখের সূত্রের (২) নম্বর পত্রে দেখা যায়।

৪। রিট পিটিশন নং-১৪৯১৪/২০১৭ মামলার গত ০৯/০৩/২০২২খ্রি. তারিখের রায় / আদেশের আলোকে রঘুনাথপুর টেকনিক্যাল এন্ড বিএম কলেজ” এর পরিবর্তে “ডা: মো: আমিনুর রহমান টেকনিক্যাল এন্ড বিএম কলেজ” নাম বহাল রাখা হলো মর্মে ইতোমধ্যে বাকাশিবো হতে গত ১০/১১/২০২২খ্রি. তারিখে সূত্রের (৩) নম্বর স্মারকে পত্র জারি করা হয়েছে।

৫। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১৪৯১৪/২০১৭ মামলার গত ০৯/০৩/২০২২খ্রি. তারিখের রায় / আদেশের আলোকে রঘুনাথপুর টেকনিক্যাল এন্ড বিএম কলেজ” এর পরিবর্তে “ডা: মো: আমিনুর রহমান টেকনিক্যাল এন্ড বিএম কলেজ” নাম বহাল রাখা সংক্রান্ত বাকাশিবো হতে গত ১০/১১/২০২২খ্রি. তারিখে সূত্রের (৩) নম্বর স্মারকে জারীকৃত পত্রের কপিসহ জনাব ছানোয়ার হোসেন, প্রভাষক (হিসাব বিজ্ঞান) এর এমপিও ভুক্তির জন্য ডিজি, ডিটিই বরাবর বিধি মোতাবেক আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৪-১২-২০২২

মোঃ নুরুল ইসলাম শেখ

সহকারী সচিব

অধ্যক্ষ

ডা: মো: আমিনুর রহমান টেকনিক্যাল এন্ড বি.এম কলেজ সাং-

রঘুনাথপুর, পো: মঞ্জলবাড়ী, উপজেলা- ধামরাই, জেলা- ঢাকা।


স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.৩৮৩.২২.৫৫৭/১(৫)

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৯

১৪ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর
- ২) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সিনিয়র সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



১৪-১২-২০২২

মোঃ নুরুল ইসলাম শেখ

সহকারী সচিব